# আল্লাহ তা'আলার নান্দনিক নাম ও গুণসমগ্র: কিছু আদর্শিক নীতিমালা

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## প্রকাশকবৃন্দের ভূমিকা

সকল প্রশংসা পরম করুণাময় আল্লাহ তা'আলার জন্য। আমরা তাঁর প্রশংসা করি, তাঁর কাছে সাহায্য প্রার্থনা করি, ক্ষমা চাই এবং তাঁর কাছে তাওবা করি। আমাদের নিজ নফসের অনিষ্টতা এবং আমাদের আমলের অযাচিত দিকগুলো থেকে আল্লাহর কাছে আশ্রয় চাই। আল্লাহ তা'আলা যাকে হিদায়েত দান করেন তাকে পথচ্যুত করার কেউ নেই; আর যাকে গোমরাহ করেন তাকে হিদায়েত করার কেউ নেই। আমরা সাক্ষ্য দিচ্ছি যে আল্লাহ ব্যতীত কোনো ইলাহ নেই। আরও সাক্ষ্য দিচ্ছি যে মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর বান্দা ও রাসূল।

'আল্লাহ তা'আলার নান্দনিক নাম ও গুণসমগ্র: কিছু আদর্শিক নীতিমালা' শীর্ষক গ্রন্থটিতে এমন কিছু বিষয়ের অবতারণা করা হয়েছে যা পাঠকের বিশ্বাসে যোগ করতে পারে নতুন মাত্রা, তার বিশ্বাসকে পৌঁছে দিতে পারে স্বচ্ছতার শীর্ষে। উদাহরণত, আমাদের অনেকেই এ বিশ্বাস পোষণ করে থাকি যে, আল্লাহ তা'আলা সত্তাগতভাবে মানুষের সঙ্গে অবস্থান করছেন। এটি একটি অবান্তর ধারণা যা শুধরিয়ে নেওয়া প্রতিটি মুসলিমের দায়িত্ব। বক্ষ্যমাণ গ্রন্থে উক্ত বিষয়সহ আল্লাহ তা'আলার নামসমগ্রের প্রতি বিশ্বাসের ধরন-ধারণ কী হবে তা বিশ্লেষণসহ আলোচনা করা হয়েছে।

প্রখ্যাত ইসলামী শরীয়তবিদ প্রয়াত শায়খ মুহাম্মাদ ইবন সালেহ আল উসাইমীন রাহেমাহুল্লাহ কর্তৃক রচিত এই গ্রন্থটি আরবী থেকে ইংরেজিতে ভাষান্তরিত করেন জনাব ফয়সল শফীক। তিনি ইংরেজি সংস্করণের নাম দিয়েছেন- 'The Beautiful Names and Attributes of Allah: Important Principles to Remember' আমেরিকায় যারা আহলে সুন্নত ওয়াল জামায়াতের আকীদা-বিশ্বাস বিস্তারিতভাবে জানতে চান তাদের কাছে অনুবাদগ্রন্থটি অন্ত্যন্ত প্রিয়। বইটির বাংলা সংস্করণ তৈরি করা যায় কি-না সে ব্যাপারে বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মাওলানা শামসুল হক সিদ্দিকের সঙ্গে যোগাযোগ করলে তিনি সম্মতি জ্ঞাপন করেন এবং শায়খ মুহাম্মাদ ইবন সালেহ আল উছাইমিন রাহেমাহুল্লাহ-এর লেখা মূল আরবি সংস্করণটি সংগ্রহ করে সরাসরি আরবি থেকে অনুবাদকর্ম সম্পন্ন করেন। বইটি তাত্ত্বিক আলোচনা-নির্ভর হওয়ায় এর বাংলা সংস্করণ তৈরি করা সহজসাধ্য ব্যাপার ছিল না। মাওলানা শামসুল হক সিদ্দিক এজন্য বিশেষ ধন্যবাদ পাওয়ার দাবি রাখেন। আল্লাহ তা'আলা তাকে জাযায়ে খায়ের দান করুন।

আবহাস এডুকেশনাল এন্ড রিসার্চ সোসাইটির নির্বাহী পরিচালক মাওলানা আবদুল্লাহ শহীদ আবদুর রহমান বইটির পাণ্ডুলিপি পড়েছেন এবং আমাদের সার্বিক সহযোগিতায় আবহাস-এর পক্ষ থেকে বইটি প্রকাশ করার জন্য আগ্রহ ব্যক্ত করেছেন বলে তাকে ও আবহাসের অন্যান্য পরিচালকবৃন্দকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি। আল্লাহ তা'আলা তাদের সবাইকে জাযায়ে খায়ের দান করুন।

পরিশেষে আল্লাহ তা'আলার কাছে প্রার্থনা, তিনি যেন এই অনুবাদকর্মটি কবুল করেন এবং আমাদের সকলের নাজাতের উসিলা বানান। আমিন।

মোহাম্মদ মোসলেহ উদ্দিন (এফ.সি.এ)

মুহাম্মদ শহীদুল ইসলাম

রফিকুল হক রঞ্জু

টেক্সাস, হিউস্টন, আমেরিকা

৩০ আগস্ট ২০১৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=10354

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন